



চাঁদপুরে ইপিজেড বাস্তবায়নের আশ্বাস প্রধানমন্ত্রীর



চাঁদপুরে রগুনি প্রক্রিয়াকরণ অঞ্চল (ইপিজেড) গড়ে তোলার বিষয়ে ইতিবাচক অগ্রগতির কথা জানিয়েছেন প্রধানমন্ত্রী তারেক রহমান। তিনি বলেন, প্রকল্পটির সম্ভাব্যতা ও বাস্তবতা যাচাই শেষে এটি উপযোগী মনে হলে দ্রুত সময়ের মধ্যেই বাস্তবায়নের উদ্যোগ নেওয়া হবে।

শনিবার (১৬ মে) বিকেলে চাঁদপুর সরকারি কলেজ মাঠে ফ্যামিলি কার্ড বিতরণ অনুষ্ঠানে প্রধান অতিথির বক্তব্যে তিনি এ কথা বলেন। অনুষ্ঠানে স্থানীয় জনপ্রতিনিধি, প্রশাসনের কর্মকর্তাসহ বিভিন্ন শ্রেণি-পেশার মানুষ উপস্থিত ছিলেন।

তিনি আরও জানান, উন্নয়ন পরিকল্পনার অংশ হিসেবে শিল্পায়নের মাধ্যমে চাঁদপুরকে অর্থনৈতিকভাবে এগিয়ে নেওয়ার লক্ষ্য রয়েছে। একই সঙ্গে দেশের বিভিন্ন অঞ্চলের মানুষের জন্য কর্মসংস্থানের সুযোগ তৈরিতেও গুরুত্ব দেওয়া হচ্ছে।

শিক্ষাখাত নিয়ে বক্তব্যে প্রধানমন্ত্রী বলেন, মেয়েদের শিক্ষা ডিগ্রি পর্যন্ত বিনামূল্যে করা হবে। ভালো ফলাফল অর্জনকারী শিক্ষার্থীরা উপবৃত্তি পাবে। পাশাপাশি শিক্ষাকে অগ্রাধিকার দিয়ে বাজেটে সর্বোচ্চ বরাদ্দ রাখা হবে এবং শিক্ষকদের প্রশিক্ষণেও বিশেষ গুরুত্ব দেওয়া হবে।

এর আগে দুপুর ২টা ৪০ মিনিটে শাহরাস্তি উপজেলার টামটা দক্ষিণ ইউনিয়নের ওয়ারুক বাজার এলাকায় 'খোর্দ খাল' পুনঃখনন প্রকল্পের ফলক উন্মোচন করেন তিনি। পরে খালের তীরে নেমে কোদাল দিয়ে মাটি কেটে অংশ নেন এবং বৃক্ষরোপণ করেন।

অনুষ্ঠানে আরও উপস্থিত ছিলেন শিক্ষামন্ত্রী ড. আন ম এহসানুল হক মিলন, প্রধানমন্ত্রীর উপদেষ্টা মাহদী আমিন, আব্দুস সাত্তার পাটোয়ারীসহ চাঁদপুরের বিভিন্ন আসনের সংসদ সদস্য এবং সরকারের উচ্চপদস্থ কর্মকর্তারা।